দৈনিক দুর্নীতির বার্তা

https://dainikdurniti.com

প্রকাশনা: রবিবার, ১৩ সেপ্টেম্বর, ২০২৬ | ২৯ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ

সংবাদ নেয়া হয়েছে: শনিবার, ১২ সেপ্টেম্বর, ২০২৬ | ২৮ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ

মূল্য ১২ টাকা

## অনুসন্ধানী প্রতিবেদন

### প্রতারক শিশিরের প্রতারণার নতুন প্রলোভনের কৌশলের ফাঁদে প্রলুব্ধ বিনিয়োগকারীরা পুনরায় ধরাশায়ী হতে চলেছে।




নিজস্ব প্রতিনিধি ৫ আগস্ট,২০২৪ সনে রাজনৈতিক পট পরিবর্তনের পর দৃশ্যত প্রতারক শিশির আহমেদ হলিস্টিক গ্রুপ থেকে পলায়ন করলেও তার প্রতারণা ব্যবসা মূলতঃ জানুয়ারী,২০২৪ সন হতেই পতনের দিকে ধাবিত হয়েছে।৫ আগস্ট, ২০২৪ সন হতে প্রতারক শিশির চম্পট দিয়েছে।পরবর্তীতে বিনিয়োগকারীরা বিবিধ সময়ে বিবিধ গ্রুপে হলিস্টিক গ্রুপকে সচলে সচেষ্ট হয়।কিন্তু আড়ালে থেকে প্রতারক শিশির তার বশংবদ বিভিন্ন লিডারদের দিয়ে গ্রাহকদের উদ্যোগ গুলোকে বানচাল করে দেয়। #হোটেল এর মালিকানা ফিরে না পাওয়ার কারণঃ- এক পর্যায়ে সে তার ভাগ্নে সুজন ঢালীর মাধ্যমে তার গোপন অংশীদার নাহিদকে হোটেল পরিচালনায় নিয়ে আসে।তার ব্যবসায়ীক অংশীদার নাহিদকে হোটেলের দায়িত্বে নিয়ে আসা নিশ্চিত হওয়ার পর সে দেশের বাহিরে পালিয়ে যাওয়ার পথে এয়ারপোর্টে ধরা পড়ে ও জেলে যায়।জেল হতে জামিনে মুক্তির পর সে আদালতে গ্রাহকদের বিনিয়োগের টাকা ফেরত দেয়ার অঙ্গীকার করে।কিন্তু অদ্যাবধি গ্রাহকদের বিবিধ উদ্যোগে সে সাড়া দিতে বাধ্য হলেও তার নেয়া সিদ্ধান্তনুযায়ী যখনই সাংবাদিক সম্মেলন ও আইনি নোটিশ এর বিষয়টিতে তার স্বাক্ষর ও সম্পৃক্ততার বিষয়টি সামনে আসে তখনই সে পল্টি দিয়ে গড়িমসি করতে থাকে।মূলতঃ হোটেল ক্যাপিটাল প্যারাডাইস মার্কোপোলো নামে পরিচালনা ও হোটেলটিতে তার অংশীদারত্বের বিষয়টি প্রকাশিত হয়ে যাওয়ার ভয়ে সে আইনি নোটিশ ও সাংবাদিক সম্মেলন এর বিষয়টিতে অসহযোগিতা করে।ফলে হোটেলটি গ্রাহকদের পক্ষে আর নিয়ে আসা সম্ভব হয় নি। #টঙ্গীর আউচপাড়ার জমিঃ টঙ্গীতে অবস্থিত আউচপাড়ার জমিটি মূলতঃ কাগজে কলমে হলিস্টিক গ্রুপের নয়। তবে আউচপাড়ার এই জমিটি হলিস্টিক এর গ্রাহকদের অর্থ প্রতারক শিশির ও তার সহযোগীদ্বয় আত্মসাৎ করে জমির মালিক এর সাথে...

### ঢাকায় যানজট নিরসন ও পণ্য পরিবহন নিরাপত্তা নিয়ে জরুরি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।




ফরহাদ হোসেনশনিবার (১২ই সেপ্টেম্বর) সোয়ারী ঘাটে বাংলাদেশ পণ্য পরিবহন এজেন্সী মালিক সমিতি আয়োজিত এই যানজট নিরসন ও পণ্য পরিবহন নিরাপত্তা শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা- ০৭ আসনের সংসদ সদস্য হামিদুর রহমান হামিদ পণ্য পরিবহন যাতায়াতে বিভিন্ন সমস্যা সমাধানে ব্যবসায়ীদের একত্রে কাজ করার পরামর্শ দেন। ব্যবসায়ীদের পন্য লোড আনলোডে সকলকে একটি শৃঙ্খল নিয়মে আসার আহবান জানান যাতে সড়কে কোন ধরনের যানযট সৃষ্টি না হয়। তিনি স্পষ্ট ভাবে হুশিয়ারি দিয়ে বলেন, ঢাকা-৭ আসনে কোন ধরনের যানযট মেনে নেওয়া হবে না। যত্রতত্র যে কোন ধরনের যানবাহন পার্কিং করতে দেওয়া হবে না।বিশেষ অতিথি বক্তব্যে মুহাম্মদ তালেবুর রহমান, পিপিএম, ডেপুটি পুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) ডিএমপি, মোঃ মোফিজুল ইসলাম (মিঠু) ডেপুটি পুলিশ কমিশনার (ট্রাফিক লালবাগ বিভাগ) ডিএমপি বলেন, যে কোন ধরনের সমস্যা সমাধানে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা প্রস্তুত রয়েছে। অভিযোগ দিলে সাথে সাথে ব্যবস্থা নেওয়া হবে।এ সময় পণ্য পরিবহনের সহ-সভাপতি সেলিম বলেন, আমাদের পণ্য পরিবহনের সময় চুরি ও ছিনতাইয়ের ঘটনা ঘটে। ড্রাইভার, হেলপারকে জিম্মি করে ছুরি আঘাত করে ট্রাকের ত্রিপল কেটে মালামাল লুটপাট করে তারা। বাবুবাজার ব্রিজের নিচে, নয়াবাজার, শাহবাগ, সংসদ ভবন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় গেট, বিজয় স্বরনি, গাবতলি সহ বিভিন্ন এরিয়ায় বেরিগেটের সময় এই ঘটনাগুলি বেশি ঘটে বলে তিনি জানান।পন্য পরিবহনের সাধারণ সম্পাদক মোঃ তোফিক হাসান রনি বলেন, যানজট নিরশনে যথা সময়ে গাড়ী ঢুকানো। একাদিক গাড়ী না ঢুকানো, দোকান থেকে ৯ টার মধ্যে মালামাল ট্রান্সপোর্টে ডেলিভারি দেওয়া। গাড়ী লাগানোর পয়েন্ট দেখে...